

বিজিএ/কাস/২০২৩/২১৬

১৪ সেপ্টেম্বর, ২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (EFPP) এর আওতায় গৃহীত অর্থ সমন্বয় প্রসঙ্গে।

সূত্রঃ বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৯, তারিখঃ ১৩/০৯/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।


উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (EFPP) এর অধিনে নেয়া ঋণের অর্থ মেয়াদ শেষে এককালীন পরিশোধের নিয়ম আছে। এই তহবিল থেকে গৃহীত ঋণের বিপরীতে সুদের ব্যয় (Interest expense) কমাতে ব্যবসায়িক প্রতিনিধিরা আংশিক অর্থ পরিশোধের বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষকে যুক্তি দিয়ে বুঝাতে সক্ষম হন। ফলশ্রুতিতে বাংলাদেশ ব্যাংক মেয়াদ শেষে সুদসহ এককালীন সকল অর্থ পরিশোধের বিষয়টি শিথিল করে সূত্রোক্ত সার্কুলারটি জারী করেছে।

এখন EFPP থেকে ব্যাংক কর্তৃক গৃহীত ঋণের টাকা মেয়াদ শেষ হওয়ার আগে আংশিক বা সমস্ত টাকা পরিশোধ করা যাবে।

আশা করি বাংলাদেশ ব্যাংক কর্তৃক উপরোক্ত সুবিধা প্রদান করার ফলে আপনাদের তারল্য সংকট কিছুটা হ্রাস পাবে এবং ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনা করা সহজতর হবে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান  
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

C:\Users\BGMEA\Downloads\CIRCUI AR-2023 (16).doc



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিবিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

১৩ সেপ্টেম্বর ২০২৩

তারিখ: -----

২৯ ভাদ্র ১৪৩০

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (EFPF) এর আওতায় গৃহীত অর্থ সমন্বয় প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (EFPF) এর নীতিমালায় সম্পর্কিত বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ: ০১ জানুয়ারি ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-১২ এ “গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ যাই হোক না কেন বাংলাদেশ ব্যাংক কর্তৃক সর্বোচ্চ ১৮০দিন (ছয় মাস) মেয়াদে অংশগ্রহণকারী ব্যাংককে প্রাক-অর্থায়ন সুবিধা প্রদান করা হবে, যা মেয়াদ শেষে সুদসহ এককালীন পরিশোধ করতে হবে” মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-১৮(ক) এ উল্লেখ করা হয়েছে, “প্রাক-অর্থায়ন বাবদ ব্যাংক কর্তৃক গৃহীত ঋণ বাংলাদেশ ব্যাংক রক্ষিত অংশগ্রহণকারী ব্যাংকের চলতি হিসাবে প্রদানের তারিখ হতে প্রাক-অর্থায়নের জন্য প্রদত্ত মেয়াদ সমাপনান্তে সুদসহ উক্ত হিসাব হতে এককালীন কর্তন করা হবে”।
- এক্ষণে, EFPF এর আওতায় প্রাক-অর্থায়ন বাবদ ব্যাংক কর্তৃক গৃহীত অর্থের বিপরীতে সুদ ব্যয় (Interest expense) হ্রাসকল্পে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যাংক কর্তৃক গৃহীত অর্থ মেয়াদপূর্তির পূর্বে সম্পূর্ণ বা আংশিক পরিশোধ/সমন্বয় করা যাবে। আংশিক সমন্বয়ের ক্ষেত্রে অবশিষ্ট অপরিশোধিত অংশ নির্ধারিত মেয়াদান্তে এককালীন সুদ/মুনাফাসহ পরিশোধযোগ্য হবে।
- এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০১/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২